গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালক এর কার্যালয়
সংগ্রহ শাখা
বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

নং-৫৪.০১.০০০০.০১৩.০০৭.০৯.২৫-১৬৫ তারিখ: ০৫.০৩.২০২৫।

# প্যানেল আইনজীবী নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালকের কার্যালয়ের আওতায় মহামান্য সুপ্রীম কোর্টের আপিল ও হাইকোর্ট বিভাগে মামলাসমূহ যথাযথভাবে সরকার পক্ষে পরিচালনা ও প্রতিদ্বন্দ্বিতায় বিজ্ঞ সরকারি আইনজীবীকে সহযোগিতা করার জন্য নিম্নসংখ্যক আইনজীবীর প্যানেলভুক্তির লক্ষ্যে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| প্যাকেজ নং | আদালত | রেলওয়ে অঞ্চল | আইনজীবীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| BRPCS 1 | আপীল বিভাগ | পশ্চিমাঞ্চল | ২ | আগ্রহী এবং যোগ্যতাসম্পন্নদের মধ্য হতে বর্ণিত সর্বোচ্চ সংখ্যক আইনজীবী প্রাথমিকভাবে ৩ (তিন) বছরের জন্য প্যানেলভুক্ত করা হবে। |
| BRPCS 2 | | পূর্বাঞ্চল | ২ | |
| BRPCS 3 | হাইকোর্ট বিভাগ | পশ্চিমাঞ্চল | ৮ | |
| BRPCS 4 | | পূর্বাঞ্চল | ১২ | |

আবেদনের শর্তাবলী নিম্নরূপঃ

ক) বাংলাদেশ রেলওয়ে কর্তৃক প্রস্তুতকৃত নমুনা আবেদন (জীবনবৃত্তান্ত) ফরম এবং প্যানেল আইনজীবীগণের কর্মপরিধি (Terms of Reference) ওয়েবসাইটে (www.railway.gov.bd) পাওয়া যাবে। ফরমটি ডাউনলোড/অনুরূপ ছক যথাযথ পূরণপূর্বক আবেদন করা যাবে।

খ) আগ্রহী আইনজীবীগণকে আবেদনের সাথে জাতীয় পরিচয়পত্র, শিক্ষাগত সনদ, বার কাউন্সিল সনদ, প্রযোজ্য হাইকোর্ট/আপীল বিভাগে অন্তর্ভূক্তির সনদ এবং সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজ ছবি সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।

গ) প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আইন বিষয়ে ন্যূনতম স্নাতক ডিগ্রীধারী হতে হবে। আবেদনের শেষ তারিখে প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা ৬০ (ষাট) বছর। তবে অবসরপ্রাপ্ত জেলাজজ, বিচারপতি ও সিনিয়র আইনজীবীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।

ঘ) একজন আবেদনকারী একাধিক প্যাকেজে প্যানেলভুক্তির জন্য আলাদাভাবে আবেদন করতে পারবেন। তবে যোগ্য বিবেচিত হলে কেবলমাত্র একটি প্যাকেজের বিপরীতে প্যানেলভুক্ত হবেন।

ঙ) মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের প্যানেল আইনজীবীদের ক্ষেত্রে হাইকোর্ট বিভাগে মামলা পরিচালনায় ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগের প্যানেল আইনজীবীদের ক্ষেত্রে হাইকোর্ট বিভাগে মামলা পরিচালনায় ১০ (দশ) বছরের অভিজ্ঞতা এবং আপীল বিভাগে তালিকাভুক্তিসহ মামলা পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে।

চ) আবেদনকারী অন্য কোন সরকারি প্রতিষ্ঠানে প্যানেল আইনজীবী হিসেবে তালিকাভুক্ত বা অভিজ্ঞতা থাকলে প্রমানক দাখিল সাপেক্ষে অগ্রাধিকার দেয়া হবে।

ছ) প্রাপ্ত আবেদনসমূহ পিপিআর-২০০৮ অনুযায়ী যাচাই-বাছাই করে প্রতিটি প্যাকেজের বিপরীতে প্রয়োজনীয় সংখ্যক যোগ্যতা সম্পন্ন (সর্বোচ্চ) প্রার্থীদের প্রাথমিক তালিকা প্রণয়ন এবং সাক্ষাৎকারের জন্য আমন্ত্রণ জানানো হবে। মৌখিক সাক্ষাৎকারের জন্য কোন ভাতা প্রদান করা হবে না। প্রার্থীগণের যোগ্যতা (জীবন বৃত্তান্ত) বাছাইয়ে নম্বর বন্টন নিম্নরূপঃ

| ক্রম | বিষয় | প্রদত্ত নম্বর | সর্বনিম্ন যোগ্যতায় নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | শিক্ষাগত যোগ্যতা | ২৫ | ১৮ (স্নাতক) | স্নাতকোত্তরঃ ২২ এবং ব্যারিস্টার-অ্যাট-লঃ ২৫ |
| ২ | অভিজ্ঞতাঃ (মোট নম্বর-৭০) | | | |
| | আইনজীবী হিসেবে সাধারণ অভিজ্ঞতা | ২০ | ১৫ (৫ বছর) | পেশাগত অভিজ্ঞতা ৫-১০ বছরঃ ১৬-১৯ নম্বর; ১০ বছরের অধিক হলে পূর্ণ নম্বর। **অনুচ্ছেদ-ঙ** তে বর্ণিত অভিজ্ঞতা ন্যূনতম বিবেচনায় অধিকতর যোগ্যতা মূল্যায়ন করা হবে। |
| | সুনির্দিষ্ট অভিজ্ঞতা (হাইকোর্ট বিভাগ/ আপীল বিভাগ) | ৪৫ | ৩৩ | |
| | প্যানেল আইনজীবীর অভিজ্ঞতা | ৫ | ৪ (১ বছর) | ২ বছরের অধিক হলে পূর্ণ নম্বর। |
| | সর্বমোট নম্বর= | ৯৫ | ৭০ | সাক্ষাৎকারের ন্যূনতম নম্বর ৭০। |

জ) মৌখিক সাক্ষাৎকারে ৫ (পাঁচ) নম্বর বরাদ্দ থাকবে এবং সাক্ষাৎকারের মাধ্যমে চূড়ান্তভাবে (প্রাপ্তি সাপেক্ষে) প্রতিটি প্যাকেজের বিপরীতে বর্ণিত সংখ্যক আইনজীবী প্যানেলভুক্ত হিসেবে নিয়োগ (অস্থায়ী) প্রদান করা হবে।

**ঝ) রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের প্যানেল আইনজীবী নিয়োগের জন্য প্যানেল আইনজীবী নিয়োগ নীতিমালা-২০২১** (সংশোধিত) এবং নির্ধারিত কর্মপরিধি অনুযায়ী প্যানেলভুক্ত আইনজীবীর নিয়োগ/চুক্তি পরিচালনা এবং সম্মানী/ভাতাদি প্রদত্ত।

CamScanner

ঞ) আগামী ২৪.০৩.২০২৫খ্রি: তারিখ অফিস সময়ে বিকাল ২:০০ ঘটিকার মধ্যে অতিরিক্ত মহাপরিচালক (অবকাঠামো), বাংলাদেশ রেলওয়ে এবং আহবায়ক, প্যানেল আইনজীবী নিয়োগ কমিটি, রেলভবন (কক্ষ নং- ৪০১), ঢাকা বরাবরে আবেদন পত্র ডাকযোগে বা সরাসরি প্রেরণ করতে হবে। বিলম্বে প্রাপ্ত আবেদন বিবেচিত হবে না।

ট) রেলপথ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে নীতিমালা আপলোড করা রয়েছে। আগ্রহী প্রার্থীগণ আইনজীবী প্যানেলভুক্তি সম্পর্কিত কোন তথ্যের বিষয়ে জমাদান সময়সীমার অন্তত ৩ (তিন) দিন পূর্ব পর্যন্ত ই-মেইলে (dirp@railway.gov.bd ও ddprocur@railway.gov.bd) বা অফিস সময়ে সরাসরি কক্ষ নং-৪০৭, রেলভবন, ঢাকায় যোগাযোগ করতে পারবেন।

ঠ) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যাতিরেকে আইনজীবী প্যানেলভূক্ত সম্পর্কিত কার্যক্রম আংশিক/সম্পূর্ণরূপে স্থগিত বা বাতিল করার সকল ক্ষমতা সংরক্ষণ করেন। আইনজীবী প্যানেলভুক্তির (নিয়োগ) ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

২/৩/২৫

(আল ফাত্তাহ মোঃ মাসউদুর রহমান)
অতি. মহাপরিচালক (অবকাঠামো)
এবং আহবায়ক, প্যানেল আইনজীবী নিয়োগ কমিটি
বাংলাদেশ রেলওয়ে।
ফোনঃ ০২-৪১০৫০৯২৭ (অফিস)

CamScanner